দৈনিক
ইত্তেফাক

তারিখ 21 MAR 2015
পৃষ্ঠা ৭ কলাম ৫

# নেত্রকোনা মহিলা কলেজে দুটি বিষয়ে অনার্স কোর্স চালু

■ নেত্রকোনা প্রতিনিধি

অবশেষে নেত্রকোনা সরকারি মহিলা কলেজে চলতি বছর থেকে দুটি বিষয়ে অনার্স কোর্স চালু করা হয়েছে। দুটি বিষয় হচ্ছে রাষ্ট্র বিজ্ঞান এবং সমাজ কল্যাণ। প্রতিটি বিভাগে প্রথম পর্যায়ে ৫০ জন করে শিক্ষার্থী ভর্তি করা হবে। ইতিমধ্যে ভর্তি শুরু হয়েছে এবং ২৫ মার্চ পর্যন্ত ভর্তি চলবে।

কলেজের অধ্যক্ষ ড. মো. আব্দুল বাতেন জানান, অনার্সে দুটি বিষয় চালু করায় এ কলেজে নারী শিক্ষার ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রাখবে। পর্যায়ক্রমে অন্যান্য বিষয়ে অনার্স কোর্স চালুর জন্য উদ্যোগ নেয়া হচ্ছে।